অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্কের দিকে যে তীব্র ঠাণ্ডা তাপমাত্রা ধেয়ে আসছে সে বিষয়ে গভর্নর কুওমো সতর্ক করেছেন

ঠাণ্ডা তাপমাত্রা এবং ঠাণ্ডা বাতাস সামনের দিনগুলিতে আপস্টেট নিউ ইয়র্কের জন্য ঘরের বাইরে সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করতে পারে

তুষারঝড় ও বরফাচ্ছন্ন অবস্থায় ছুটির দিনে চলাফেরা ও গাড়ি চালানো কঠিন করে তুলবে

স্টেট এজেন্সিগুলি অনেক বেশি যাত্রীদের জন্য রাস্তাঘাট এবং গণপরিবহন প্রস্তুত করছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে নিউ ইয়র্কবাসীদের ঘরের বাইরের সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতির জন্য সতর্ক করে প্রস্তুত হতে বলেছেন কারণ একটি জোরালো আর্কটিক শৈত্য প্রবাহের পূর্বাভাস পাওয়া গেছে এবং বলা হয়েছে যে এটি বুধবার বিকেল থেকে পুরো সপ্তাহান্ত জুড়ে স্টেটকে প্রভাবিত করবে। ধারণা করা হচ্ছে যে শৈত্য প্রবাহটি তুষার ঝড় এবং ঠাণ্ডা বাতাস নিয়ে আসবে যার কারণে আপস্টেট নিউ ইয়র্কের বেশির ভাগ অঞ্চলে তাপমাত্রা শূন্যের নিচে চলে যাবে। যেহেতু থ্যাংকসগিভিং ঐতিহ্যের মধ্যে প্যারেড, টার্কি ট্রট এবং ফুটবল গেম অন্তর্ভুক্ত, তাই গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের সতর্ক করে বলছেন নিরাপত্তা বজায় রেখে সবকিছু করতে এবং ভীষণ ঠাণ্ডায় বাইরে যাওয়া সীমিত রাখতে।

"যখন নিউ ইয়র্কবাসীরা পরিবার পরিজন নিয়ে থ্যাংকসগিভিং উদযাপন করতে একত্র হচ্ছে, প্রকৃতি এই বছরেও আমাদের সাথে যোগ দেওয়ার জন্য ভীষণ ঠাণ্ডা তাপমাত্রাকে পাঠাচ্ছে," **গভর্নর কুওমো বলেছেন।** "যদিও আমরা আসন্ন শৈত্য প্রবাহটিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি এবং প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছি, আমি নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করবো তারা যেনো তাদের দায়িত্ব পালন করে এবং সামনের দিনগুলিতে যদি তাদের বাইরে যাওয়ার পরিকল্পনা করতেই হয় তাহলে তারা যেনো তা যথাযথ সতর্কতা নিশ্চিত করেই করে।"

বুধবার বিকেলে নিউ ইয়র্কের দিকে তীব্র আর্কটিক শৈত্য প্রবাহ হানা দিতে পারে এবং সাথে নিয়ে আসতে পারে অতিরিক্ত ঠাণ্ডা তাপমাত্রা ও তুষারপাত যা আপস্টেটে সান্ধ্যকালীন যোগাযোগকে ব্যহত করতে পারে। তুষারপাতের ফলে জমা তুষারের আস্তরণ সাধারণত কম হলেও, এর ফলে দৃষ্টিগোচরতা কিছু সময়ের জন্য হ্রাস পেতে পারে এবং এর সাথে দ্রুত নিম্নগামী তাপমাত্রা যুক্ত হলে রাস্তার অবস্থা বরফাচ্ছন্ন এবং বিপজ্জনক হয়ে উঠতে পারে। গাড়িচালকদের এই পরিস্থিতির কথা মাথায় রেখে রাস্তায় সতর্ক থাকতে হবে, বিশেষকরে এই

কারণে যে বিগত কয়েক বছরের যেকোনো সময়ের তুলনায় এই থ্যাংকসগিভিং এ অনেক বেশি মানুষ ভ্রমণ করবে।

সন্ধ্যার পরের দিকে, আরও বেশি শীত পড়তে পারে যা থ্যাংকসগিভিং রাত পর্যন্ত প্রলম্বিত হতে পারে। কিছু এলাকায় ঘণ্টায় 40 মাইল গতির বাতাস এবং তাপমাত্রা হিমাঙ্কের নিচে থাকার কারণে অনেক অঞ্চলে মারাত্মক ঠাণ্ডা বাতাস এবং শুন্যের 10 ডিগ্রী কম তাপমাত্রা থাকতে পারে। থ্যাংকসগিভিং-এর সময় তাপমাত্রা ঠাণ্ডাই থাকবে বলে আশংকা করা হচ্ছে, তবে তা দশ থেকে 20 দশকের নিচের দিকের ডিগ্রি পর্যন্ত উঠতে পারে এবং হালকা বাতাস থাকতে পারে। নিউ ইয়র্ক শহর এবং লং আইল্যান্ড অঞ্চলে, আসন্ন দিনগুলিতে তাপমাত্রা অপেক্ষাকৃত বেশি থাকবে, মূলত 30 এর আশেপাশে এবং ঠাণ্ডা বাতাস এখানে সেরকম ভূমিকা রাখবে না।

আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট।

তীব্র ঠাণ্ডায় নিরাপত্তা

মৌসুমী পোশাক-আশাক পরিধান করুন

- ঢোলা, হালকা, একাধিক আস্তরণ-বিশিষ্ট গরম কাপড় পরিধান করুন। আস্তরণের মধ্যে আটকে পড়া বাতাস ইনস্যুলেটরের কাজ করে। ঘাম হওয়া এড়াতে, যেটা থেকে ঠাণ্ডা লেগে যেতে পারে, কাপড়ের আস্তরণ খুলে ফেলা যেতে পারে। বাইরের পোশাক দৃঢ়ভাবে বোনা, পানি রোধক এবং মাথার টুপি-যুক্ত হতে হবে।
- মাথায় সবসময় একটি হ্যাট বা টুপি পরিধান করুন কারণ আপনার শরীরের প্রায় অর্ধেক তাপমাত্রা মাথার খোলা তালু দিয়ে বেরিয়ে যেতে পারে।
- আপনার ফুসফুসকে তীব্র শীত থেকে সুরক্ষা দিতে স্কার্ফ দিয়ে মুখমণ্ডল ঢেকে রাখুন।
- কব্জি ঢাকতে হাতমোজার চেয়ে দস্তানা অধিক কার্যকর কারণ আঙুলগুলো পরস্পরের সংস্পর্শে অধিক উষ্ণ থাকে।

কায়িক শ্রম

শীতের ঝড়ো পরিস্থিতি এবং শৈত্য প্রবাহ এক প্রকার প্রাণঘাতী আবহাওয়া কারণ ঠাণ্ডা তাপমাত্রা আপনার হৃদপিণ্ডে বাড়তি চাপ ফেলে। অতিরিক্ত পরিশ্রম, যেমন তুষার পরিষ্কার করা, ময়লা সাফ করা অথবা গাড়ি ধাক্কা দেওয়া আপনার হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়াতে পারে।

এসব সমস্যা এড়াতে, নিম্নোক্ত পরামর্শ মেনে চলুন:

- উষ্ণ থাকুন, গরম কাপড়-চোপড় পরিধান করুন এবং বাইরে কাজ করার সময় **ধীরে কাজ করুন**।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘনঘন বিশ্রাম নিন।
- বুকে ব্যথা অনুভব করলে – **থামুন** এবং তৎক্ষণাৎ কারো সাহায্য নিন।

হাইপোথারমিয়া

দীর্ঘ সময় ঠাণ্ডা তাপমাত্রায় থাকলে হাইপোথারমিয়া হতে পারে, বিশেষ করে শিশু ও বৃদ্ধদের।

নিম্নোক্ত উপসর্গগুলোর দিকে খেয়াল রাখুন:

- মনোযোগ দিতে না পারা
- দুর্বল সমন্বয়
- কথায় অস্পষ্টতা
- ঘুমঘুম ভাব
- অবসাদ
- তীব্র কাঁপুনির পর হঠাৎ করে কাঁপুনি থেমে যাওয়া

কোনো ব্যক্তির শরীরের তাপমাত্রা যদি 95 ডিগ্রি ফারেনহাইটের নিচে নেমে যায়, তাহলে তৎক্ষণাৎ জরুরি চিকিৎসা সহায়তা নিন। ভেজা কাপড় খুলে ফেলুন, রোগীকে গরম কম্বল দিয়ে মুড়ে ফেলুন, এবং বাইরের সাহায্য আসার আগ পর্যন্ত রোগীকে গরম, অ্যালকোহল ও ক্যাফেইন বিহীন তরল পান করতে দিন।

ফ্রস্টবাইট
শীতের দিনে যারা বাইরে কাজ করে বা খেলাধুলা করে তাদের অজ্ঞাতেও ফ্রস্টবাইট হতে পারে। ফ্রস্টবাইট রোগের শুরুর দিকে কোনো ব্যথা করবে না, সুতরাং নিম্নের বিপদ সংকেতগুলোর প্রতি লক্ষ্য রাখবেন:

- প্রথমত, ত্বকে অসাড়তা বোধ হতে পারে এবং রঙিন হয়ে যেতে পারে। তারপর এটি সাদা বা ধূসর-হলদে রূপ নিতে পারে। ফ্রস্টবাইটে আক্রান্ত ত্বক স্পর্শেই শিরশিরে অনুভূতি হতে পারে।
- ফ্রস্টবাইট হতে পারে সন্দেহ হলে, রোগীকে একটি উষ্ণ স্থানে সরিয়ে নিন। আক্রান্ত স্থানটি গরম ও শুকনো কিছু দিয়ে ঢেকে দিন। কখনো ঘষাঘষি করবেন না।
- তারপর অতিসত্বর কোনো ডাক্তারের কাছে অথবা হাসপাতালে নিয়ে যান।

এজেন্সির প্রস্তুতি
আসন্ন শৈত্য প্রবাহ, থ্যাংকসগিভিং উৎসব এবং এই বছরের রাস্তায় থাকা ব্যাপক সংখ্যক যাত্রীর জন্য, গভর্নর কুওমো স্টেট এজেন্সিগুলিকে নিচের প্রস্তুতিগুলি গ্রহণ করতে নির্দেশ দিয়েছেন।

<u>মহানগর পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA)</u>
নিউ ইয়র্ক শহর পরিবহন (New York City Transit) - সাবওয়ে, বাস এবং স্ট্যাটেন আইল্যান্ডের রেলপথ (Staten Island Railway)
নিউ ইয়র্ক শহর পরিবহন এবং এর সাবওয়ে, বাস, প্যারাট্রানজিট এবং স্ট্যাটেন আইল্যান্ড রেলপথ বিভাগ আবহাওয়া পূর্বাভাস এবং পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজন হলে প্রাক-প্রস্তুতির সাথে সম্পূরক ব্যবস্থা গ্রহণ করবে।

সাবওয়ে এবং স্ট্যাটেন আইল্যান্ড রেলপথ অধিদপ্তর (Department of Subways) পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং যদি পূর্বাভাস দেখে প্রয়োজন মনে হয় তারা উল্লেখযোগ্য শীতকালীন আবহাওয়া সংক্রান্ত ব্যবস্থা সক্রিয় করতে প্রস্তুত। তুষারপাত বা মারাত্মক ঠাণ্ডার পরিস্থিতিতে নেওয়া এই ব্যবস্থাগুলির মধ্যে অন্তর্গত থাকতে পারে প্লাটফর্ম এবং স্টেশনের অন্যান্য এলাকায় লবণ ও বালি প্রয়োগ করা, তুষার মোকাবেলা করার সরঞ্জাম

এবং কর্মীদের আগে থেকে সঠিক স্থানে পাঠিয়ে দেওয়া, ট্র্যাকের উপাদান যাতে জমে না যায় এইজন্য হিটার সক্রিয় করা এবং আরও অন্যান্য শীতকালীন আবহাওয়া সংক্রান্ত নিরাপত্তা ব্যবস্থা।

বাস অধিদপ্তর (Department of Buses) তাদের ট্রাকগুলিকে প্লাও এবং লবণ দেওয়ার কাজের জন্য প্রস্তুত করে রেখেছে, শহরের প্লাওইং এবং লবণ দেওয়ার কাজকে সাহায্য দরকার হলে তাদের সক্রিয় করা হবে। সবস্থানে সমানভাবে সেবা দিতে পারা নিশ্চিত করার জন্য ট্রাকগুলি একটি সময়সূচি মেনে চলবে এবং পরিস্থিতির প্রয়োজনে পুরো রাত এগুলি কাজ করতে পারবে। সব সান্ধ্যকালীন বাসে সব-আবহাওয়ার উপযোগী টায়ার থাকবে, এবং পরিস্থিতির প্রয়োজনে সাধারণ বাসের পরিবর্তে আর্টিকুলেটেড (অ্যাকর্ডিয়ন স্টাইলের) বাস ব্যবহার করা হবে।

প্যারাট্রানজিট কর্মচারীরা প্যারাট্রানজিট অনুমতি কেন্দ্র (Paratransit Command Center) এর মাধ্যমে আবহাওয়া পর্যবেক্ষণ করবে এবং গ্রাহকদের সাহায্য করার জন্য অতিরিক্ত প্যারাট্রানজিট কল সেন্টার কর্মী নিয়োগ দেওয়া হয়েছে। অতিরিক্তি "স্লোটার" - এমন অতিরিক্ত যানবাহন যা ট্রাফিক জ্যাম এবং বিলম্বের ক্ষেত্রে সেবা দিতে প্রস্তুত থাকবে - এর ব্যবস্থা করা হয়েছে।

লং আইল্যান্ড রেলপথ (Long Island Rail Road, LIRR) এবং মেট্রো-উত্তর (Metro-North) রেলপথ
বুধবার দিন ঠাণ্ডা আবহাওয়ার এই ঘটনার প্রভাব কমানোর জন্য, মেট্রো-উত্তর এবং LIRR নিশ্চিত করছে যে পূর্বাভাস অনুযায়ী তাপমাত্রা অনেক কমে গেলে যেই রেল ভাঙা বা পরিবর্তনজনিত ত্রুটি (switch failures) এর ঘটনা ঘটতে পারে তা সামলানোর জন্য যথেষ্ট পরিমাণ কর্মী নিযুক্ত থাকবে।

স্বাভাবিক প্রটোকল অনুযায়ী, রেলপথগুলিতে সুকৌশল উপায়ে নির্ণীত স্থানে আগে থেকেই লোকোমোটিভ রাখা হবে যাতে কোন ট্রেন বিকল হয়ে গেলে সেটি সাহায্য পায়। সব মেট্রো-উত্তর ট্রেনকে তৃতীয় রেল স্নো সু এবং কাপলার স্নো ব্যাগ দিয়ে প্রস্তুত করা হয়েছে।

রেলপথগুলি কর্মকাণ্ড পর্যবেক্ষণ করছে এবং গ্রাহকদের নিরাপদ এবং বিশ্বস্ত সেবা প্রদান করার জন্য কাজ করছে।

MTA ব্রিজ এবং টানেল
MTA ব্রিজ এবং টানেল খুব নিবিড়ভাবে পরিস্থিতি পর্যবেক্ষেণ করছে এবং সব ধরনের আবহাওয়া-সংক্রান্ত ঘটনার মোকাবেলা করতে কর্মচারীবৃন্দ তৈরি এবং প্রস্তুত। ব্রিজগুলির ইলেকট্রনিক আবহাওয়া সেন্সর কার্যকর রয়েছে এবং আবহাওয়া ও রাস্তাঘাটের পরিস্থিতি পর্যবেক্ষণ করার সামর্থ্য সব সেবা প্রদানকারীর রয়েছে।

<u>নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey)</u>
বন্দর কর্তৃপক্ষের অধীনস্থ সব স্থান কর্মচারী এবং সরঞ্জাম এর ব্যাপক প্রস্তুতি নিয়ে আবহাওয়া সংক্রান্ত সম্ভাব্য যেকোনো সমস্যা মোকাবেলার জন্য তৈরি। ঝড়ের পরিস্থিতি পর্যবেক্ষণ করার প্রয়োজনে এজেন্সি জার্সি শহরে তাদের মূল জরুরি কার্যক্রম কেন্দ্র (Emergency Operations Center) সক্রিয় করেছে। জন এফ. কেনেডি আন্তর্জাতিক (John F. Kennedy International), নেওয়ার্ক লিবার্টি আন্তর্জাতিক (Newark Liberty International) এবং লাগুয়ার্ডিয়া (LaGuardia) বিমানবন্দরগুলিতে খারাপ আবহাওয়া পরিস্থিতির জন্য নিজস্ব মূল জরুরি কার্যক্রম কেন্দ্রগুলিও সক্রিয় করা হয়েছে। বন্দর কর্তৃপক্ষ নিউ ইয়র্ক এবং নিউ জার্সি স্টেটের

সাথে যোগাযোগ রাখছে, পাশাপাশি অন্যান্য স্থানীয় এবং ফেডারেল অফিস এবং এজেন্সির সাথেও যাতে প্রতিকূল আবহাওয়া পরিস্থিতির মোকাবেলা সবাই একসাথে করতে পারে।

ঝড়ো আবহাওয়ায়, বন্দর কর্তৃপক্ষ বাস টার্মিনালে যাওয়ার পূর্বে তাদের বাসের লাইনের সাথে যোগাযোগ করতে বা বিমানবন্দরে যাওয়ার পূর্বে তাদের ফ্লাইট ছাড়বে কি না তা বিমানবন্দর ক্যারিয়ারের সাথে নিশ্চিত করতে বন্দর কর্তৃপক্ষ যাত্রীদের পরামর্শ দিচ্ছে। প্রয়োজন হলে, টিকেটসহ যাত্রী যারা বিমানবন্দরে আটকা পড়তে পারে তাদের ব্যবস্থা করার জন্য বন্দর কর্তৃপক্ষ এয়ারলাইনসমূহ এবং টার্মিনাল অপারেটরদের সাথে অংশীদারিত্ব করতেও প্রস্তুত। প্রতিটি বিমানবন্দরে জরুরি সরবরাহ যেমন চৌকি, কম্বল, ডায়পার এবং বাচ্চাদের ফর্মুলা খাবার মজুত করা হয়েছে যাতে আটকা পড়া গ্রাহকদের তা প্রদান করা যায়।

বন্দর কর্তৃপক্ষ তার প্রধান প্রধান পরিবহন সংক্রান্ত স্থানে নিচের শীতকালীন আবহাওয়া সরঞ্জাম এবং সরবরাহ প্রস্তুত রেখেছে:

- বিমানবন্দরগুলিতে 500 এর বেশি তুষার সরঞ্জাম রয়েছে, যার মধ্যে আছে, মেলটার যেগুলি ঘন্টায় 500 টন তুষার গলাতে পারে এবং প্লাও যা ঘন্টায় 40 মাইল গতিতে তুষার পরিষ্কার করতে পারে;
- ব্রিজ এবং টানেলগুলিতে প্রায় 100টি তুষার সরঞ্জাম রয়েছে;
- বিমানবন্দর সংলগ্ন রাস্তা এবং পার্কিং লটের জন্য হাজার হাজার টন লবণ ও বালি এবং ব্রিজ এবং টানেলের জন্যও আরো হাজার হাজার টন লবণ এবং বালি রয়েছে;
- বিমানবন্দরগুলিতে লক্ষ লক্ষ গ্যালন তরল বরফ-বিমুখী (anti-ice) রাসায়নিক পদার্থ, যা রানওয়ে এবং ট্যাক্সিওয়েগুলিতে তুষার এবং বরফ জমতে দেয় না, সাথে আরো হাজার হাজার টন নিরেট বরফ-অপসারক (de-icers) যা ইতোমধ্যে মাটিতে জমে যাওয়া তুষার এবং বরফ ভেঙে ফেলে;
- PATH ট্র্যাক থেকে তুষার সরানোর জন্য প্লাও দ্বারা সজ্জিত ট্রেইন, তরল তুষার-গলানো (snow-melting) এজেন্ট ট্রেইন এবং একটি "জেট ইঞ্জিন" প্লাও এবং স্নোব্লোয়ারস, প্লাও এবং স্প্রেডার স্টেশন প্রবেশপথ, PATH এর 13টি স্টেশনের রাস্তা এবং বিভিন্ন সমর্থন প্রদান স্থান পরিষ্কার করার জন্য।
- জেনারেটর এবং পাম্প পরীক্ষা করে নিশ্চিত করা হয়েছে যে এদের প্রয়োজন হলে এরা কর্মক্ষম।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)

স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন স্নো ব্লোয়ার, ক্ষুদ্রতর প্লাও ট্রাক, লোডার ও গ্রেডার সহ প্রায় 1,600 বড় ডাম্প ট্রাক, 175টির বেশি মাঝারি ক্ষমতার প্লাও এবং আরো শতশত অন্যান্য সরঞ্জামাদি ব্যবহার করে ঝড়ের মোকাবেলা করে। শীতকালীন ঝড়ের অগ্রগতিতে সমগ্র স্টেট জুড়ে রাস্তা সুরক্ষিত রাখতে সাহায্য করতে এই সরঞ্জাম এর পাশাপাশি 3,500 এর বেশি কর্মকর্তা ও সুপারভাইজার নিয়োগ করা হয়েছে।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে www.511NY.org বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 632 জন সুপারভাইজার ও চালক আছে যারা সমগ্র স্টেট জুড়ে 238টি বড় স্নো প্লাও, 123টি মাঝারি স্নো প্লাও, 10টি টো প্লাও এবং 53টি লোডার নিয়োগ করতে এবং 114,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্রময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়। এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এখানে।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- প্লাবিত রাস্তার উপর দিয়ে গাড়ি চালাবেন না; ঘুরে গিয়ে অন্যদিক দিয়ে যান। প্রতি ঘণ্টায় দুই মাইল বেগে বয়ে চলা জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

উপরন্তু, শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। ড্রাইভিং শুরুর আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। থামার জায়গাগুলোর পরিকল্পনা করুন এবং গাড়িগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন, অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। অধিকন্তু, সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে আপনার গতি মেলান।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিষ্কার করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যাধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবনাক্ত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক রাজ্য | এগজিকিউটিভ চেম্বার (Executive Chamber) | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন